[redacted]

[redacted]

[redacted]

[

নিহত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে সদর উপজেলার ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের হাটগোপালপুর বাজারের পাওয়ার হাউজের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত ভ্যানচালক লিয়াকত আলী হরিশংকর গ্রামের মৃত শাহজাহান আলীর ছেলে।

স্থানীয়রা জানায়, আজ বৃৃহস্পতিবার সকালে কোদালিয়া গ্রাম থেকে ভ্যানযোগে দুই শিশুকে নিয়ে হাটগোপালপুর মর্নিং সান কিন্ডারগার্ডেনে যাচ্ছিল ভ্যানচালক লিয়াকত আলী। পথে ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের হাটগোপালপুর বাজারের পাওয়ার হাউজের সামনে পৌঁছালে মুজিবনগর থেকে ছেড়ে আসা কুয়াকাটাগামী নিউ মর্ডান একপ্রেস ঢাকা মেট্রো-ব-১৫-৯৫৫৪ নাম্বারের একটি বাস ভ্যানটিকে ধাক্কা দেয়। বাসের ধাক্কায় ভ্যানচালক ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যায়।

আরাপপুর হাইওয়ে থানার ওসি মৃত্যুঞ্জয় বিশ্বাস বলেন, দুর্ঘটনার পর বাসটি আটক করা হয়েছে। নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লা আল-মামুন জানান, দুর্ঘটনার খবর পাওয়ার পর ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। বাসটি আটক করা হয়েছে। তবে বাসের ড্রাইভার, সুপারভাইজার ও হেলপার পালিয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়। তবে পরিবারের পক্ষ থেকে এথনও কেউ মামলা করেনি। তবে মামলা করলে আইনগত ব্যবস্তা গ্রহণ করা হবে।

দামুড়হুদায় বাসের ধাক্কায় মোটরসাইকেল আরোহী নি*হ*ত

দামুড়হুদায় বাসের ধাক্কায় মফিজ উদ্দিন (৬৪) নামের এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন। তিনি একই উপজেলার চন্দ্রবাস গ্রামের তৈয়ব আলির ছেলে।

আজ শুক্রবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের তালসারি মোড়ে এ দুর্ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর।

ওসি আলমগীর কবীর বলেন, সকাল ১০টার দিকে মফিজ উদ্দিন মোটরসাইকেলে নিজের বাড়ি থেকে মাঠে যাচ্ছিলেন। তিনি তালসারি মোড়ে পৌঁছালে দ্রুত গতিতে আসা একটি পিকনিকের বাস তার মোটরসাইকেলে ধাক্কা দেয়। এতে তিনি সড়কের ওপর পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বেলা ১১টার দিকে তার মৃত্যু হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর আরও বলেন, লাশ ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে রাখা হয়েছে। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কোনো অভিযোগ পায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে বাসের ধাক্কায় সাইকেল চালক নি*হত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের রাজনগর নামক স্থানে সৌদিয়া পরিবহনের ধাক্কায় অধির কর্মকার (৫৬) নামের এক সাইকেল চালকের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ৮ টার দিকে এ দূর্ঘটনা ঘটে। অধির কর্মকার সদর উপজেলার মোমিনপুর গ্রামের মৃত জয়দেব কর্মকারের ছেলে।

পুলিশ জানায়, অধির কর্মকার আমঝুপি বাজারের একটি স্বর্ণকারের দোকানে কাজ করেন। সকালে সাইকেল চালিয়ে আমঝুপি বাজারের উদ্দেশ্যে বাড়ি থেকে রওনা দেয় সে। মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের রাজনগর নামক স্থানে তার এক আত্মীয়ের বাড়িতে যাবার জন্য রাস্তা পার হচ্ছিলো। এ সময় ঘন কুয়াশায় ঢাকা ছিলো সড়কটি। পরে চট্টগ্রাম থেকে ছেড়ে আসা সৌদিয়া পরিবহনের একটি বাস তাকে ধাক্কা দেয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া জানান, রাস্তাতে মোড় নেয়ার সময় সৌদিয়া পরিবহনের ধাক্কায় অধিরের মৃত্যু হয়। পরিবার থেকে অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরের গাংনীতে বাসের ধাক্কায় নি*হত ১

মেহেরপুরের গাংনীতে দ্রুতগতির বাসের ধাক্কায় মোকারম হোসেন (৪৩) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এই ঘটনায় আহত হয়েছেন মোটরসাইকেল চালক মোতালেব হোসেন (৩৮)।

আজ শুক্রবার সকাল সাড়ে নয়টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের তেরাইল নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে।

নিহত মোকারম হোসেন এসিআই ফুড এর বিক্রয় প্রতিনিধি এবং আহত মোতালেব হোসেন প্রাণের রাইস গ্রুপের বিক্রয় প্রতিনিধি। মোকারমের বাড়ি কুষ্টিয়ার খোকসা উপজেলায় এবং মোতালেবের বাড়ি রাজশাহীর বাঘা উপজেলায়।

তাদের পরিচয় নিশ্চিত করেছেন এসিআই ফুডের মেহেরপুরের পরিবেশক হাসিনা এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী আখতারুজ্জামান।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, আজ শুক্রবার সকালে মেহেরপুর শহর থেকে পেশাগত দায়িত্ব পালনের লক্ষ্যে মোটরসাইকেলে বামুন্দীর দিকে যাচ্ছিলেন মোকারম ও মোতালেব । তেরাইল কলেজের কাছে পৌঁছালে কুষ্টিয়াগামী একটি দ্রুতগামী লোকাল বাস পেছন থেকে তাদের ধাক্কা দেয়। এসময় মোটরসাইকেল চালক মোতালেব রাস্তার পাশে ছিটকে পড়লেও আরোহী মোকারম হোসেন পড়েন বাসের চাকার নিচে। বাসের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন মোকারম। বাসটি দ্রুতগতিতে ঘটনাস্থল ত্যাগ করে। পরে বামুন্দি বাসটি আটক করা হয়েছে বলে জানায় পুলিশ।

ঘটনাস্থল থেকে গাংনী থানার এস আই আতিকুর রহমান জানান, মরদেহ

ময়নাতদন্তের জন্য মর্গে প্রেরণ করা হচ্ছে। বাসটি পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান।

কোটচাঁদপুরে বাসের ধাক্কায় কলেজ শিক্ষার্থী শাকিলের মৃত্যু

বাসের ধাক্কায় কোটচাঁদপুরে এইচ এস সি পরিক্ষার্থী শাকিল বিশ্বাসের মৃত্যু হয়েছে। শনিবার (৩০-০৯-২৩) দুপুরে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুর – কালিগঞ্জ সড়কের ফারাবি ড্রাগ হাউজের সামনে। এ ব্যাপারে থানায় মামলা করবেন বলে জানিয়েছেন মৃতের পরিবার।

প্রত্যক্ষদর্শী জুয়েল হোসেন বলেন,শনিবার বেলা ১২ টা বাজে। জীবননগর থেকে সিজান পরিবহনটি ছেড়ে আসছিল। আর একই দিক থেকে পানি বোঝাই ভ্যান নিয়ে আসছিল রিগ্যান পানির এস আর শাকিল বিশ্বাস। এ সময় বাসটি পিছন থেকে সজোরে তাকে ধাক্কা দেয়। এতে করে গুরুতর আহত হয় সে। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করেন।

বিষয়টি নিয়ে ওই গ্রামের সাবেক ইউপি সদস্য শহিদুল ইসলাম বলেন,কোটচাঁদপুর থেকে তাকে যশোরে রেফার্ড করেন। যশোরে চিকিৎসাধীন অবস্থায় শাকিলের মৃত্যু হয়েছে।

শাকিল বিশ্বাস (১৯)। সে কোটচাঁদপুরের জগন্নাথপুর গ্রামের লিটন বিশ্বাসের ছেলে। তাঁরা দুই ভাই বোন। শাকিল পরিবারের বড় ছেলে। সে ছিলেন কোটচাঁদপুর সরকারি কেএমএইচ ডিগ্রি কলেজের এইচএস সি পরিক্ষার্থী। আর একটা মাত্র পরীক্ষা দেয়া বাকি রয়েছে।

রিগ্যান পানির মালিক রিগ্যান বলেন,৩ মাস হল শাকিল আমার পানির বিক্রির এস আরের কাজ করছেন। শনিবার সকালে কারখানা থেকে পানি নিয়ে বিক্রি করতে বের হয়। পথিমধ্যে কোটচাঁদপুর চক্ষু হাসপাতালের

সামনে এ ঘটনা ঘটে। আর মাত্র একটি পরীক্ষা বাকি আছে বলে জানিয়েছেন,তাঁর স্বজনরা।

এ ব্যাপার কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) কামরুজ্জামান বলেন,খবর পেয়ে ঘটনাস্থল থেকে বাসটি জব্দ করে থানায় আনা হয়েছে। মৃতের লোকজন থানায় আসছে জানতে পারলাম। তারা মামলা করলে,ব্যবস্থা নেয়া হবে।